



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সমাজবিজ্ঞান অনুষদের গবেষণা প্রকল্পের সেমিনার অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২০ জুন ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের গবেষণা প্রকল্পের ফলাফল উপস্থাপনা বিষয়ক সেমিনার আজ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত এ সেমিনার উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম। এসময় তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের সুনাম ও পরিচিতি গবেষণার ওপর নির্ভর করে। উচ্চমানের গবেষণা বিশ্ববিদ্যালয়ের জন্য অনেক সম্মান বয়ে আনতে পারে। উপাচার্য গবেষণা প্রবন্ধগুলো গ্রন্থ আকারে প্রকাশ এবং অনলাইনে প্রচারের ওপর গুরুত্বারোপ করে বলেন, এতে বিশ্ববিদ্যালয়ের র্যাংকিং বৃদ্ধিতে সহায়ক হতে পারে। সকাল সাড়ে নয়টায় সমাজবিজ্ঞান অনুষদের লাউঞ্জে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. আকবার হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষকগণ ভিন্ন ভিন্ন সেশনে তাদের গবেষণা কর্মের ফলাফল উপস্থাপন করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

